দৈনিক বাংলা

তারিখ ... 11 APR 1996 ...
পৃষ্ঠা ১ কলাম ৮ ...

# ঢাকা ভার্সিটির পরিবেশ শান্তিপূর্ণ রাখতে সব ব্যবস্থা নেয়া হবে ঃ ভিসি

মুজতবা খন্দকার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এজাযউদ্দীন আহমদ বলেছেন, দীর্ঘ সাড়ে তিন মাস দেশের রাজনৈতিক সংকটে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ক্ষেত্রে যে ক্ষতি হয়েছে তা পুষিয়ে নিতে কর্তৃপক্ষ বদ্ধ পরিকর। তিনি বলেন, এই লক্ষ্য অর্জনে ক্যাম্পাসের শান্তিপূর্ণ পরিবেশের প্রয়োজন। প্রফেসর এমাজউদ্দীন আহমদ বলেন, শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার জন্য সম্ভব সব ব্যবস্থা গ্রহণ করা হবে। এক বিশেষ সাক্ষাৎকারে তিনি একথা বলেন।

প্রফেসর এমাজউদ্দীন আহমদ বলেন, ক্যাম্পাসে শিক্ষার স্বাভাবিক কার্যক্রম

(৪-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)



এমাজউদ্দিন আহমদ

## ঢাকা ভার্সিটির পরিবেশ

(প্রথম পৃষ্ঠার পর)

অব্যাহত রাখতে ছাত্র শিক্ষক সম্পর্ক অটুট রাখতে হবে। তিনি বলেন, সন্ত্রাসী যেই হোক না কেন ২৫ হাজার শিক্ষার্থীর শিক্ষা জীবন সচল রাখতে তাদের গ্রেফতার করতে হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ অনার্সে ১০ ভাগ আসন বৃদ্ধি প্রসঙ্গে ভিসি বলেন, 'সব বিভাগের জন্য এটা প্রযোজ্য হবে না।' তিনি বলেন, যে সকল বিভাগে ল্যাবরেটরীতে কাজ করতে হবে না, সেই সব বিভাগেই শুধুমাত্র অতিরিক্ত আসনে ভর্তি করা হবে। অনার্সে আসন বাড়িয়ে প্রিলিমিনারীতে ভর্তি বন্ধ করে দেয়া হবে কিনা, এই প্রশ্নের উত্তরে ভিসি বলেন, এডমিশন কমিটি বন্ধ করার কথা বলেছিলেন, কিন্তু চূড়ান্ত কোন সিদ্ধান্ত হয়নি। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের অনেক সময় এখনও আছে।

ডাকসু নির্বাচনের জন্য আবারও দাবি উঠছে—একটি সংগঠন নির্বাচন চাচ্ছে এবং তার প্রতিপক্ষ সংগঠন দাবী করছে ডাকসু বাতিলের, এব্যাপারে কর্তৃপক্ষের কি মত, প্রশ্নের জবাবে ভিসি বলেন, একাডেমিক সমস্যা সমাধান শেষে একটি সুবিধাজনক সময়ে এটি নিয়ে ভাবা যাবে। একাডেমিক কার্যক্রমের অচলাবস্থা দূর করতে কি কি পদক্ষেপ গৃহীত হচ্ছে? প্রশ্ন করা হলে তিনি বলেন, জাতীয় সংসদ নির্বাচনের তারিখ ঘোষণা না হওয়া পর্যন্ত একাডেমিক দিকগুলো ঠিক মত সাজানো যাচ্ছে না।